

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং প্রকল্প
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর ২, ঢাকা ১২১৬।

স্মারক নং- প্রাশিঅ/দা.পী./এসএফপি/বিবিধ-১১(অংশ-১)/২০১২/ ১৫৬২


তারিখ: ১১ নভেম্বর ২০১৪
২৭ কার্তিক ১৪২১

বিষয় : স্কুল ফিডিং প্রকল্পের আওতায় সরবরাহকৃত/সরবরাহযোগ্য পুষ্টিমান সমৃদ্ধ বিস্কুটের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ প্রসঙ্গে।

দারিদ্র পীড়িত এলাকায় স্কুল ফিডিং কর্মসূচি শীর্ষক প্রকল্পটি সরকারের অধাধিকার প্রাপ্ত একটি প্রকল্প। সরকার এবং বিশ্ব খাদ্য কর্মসূচি'র (WFP) অর্থায়নে পরিচালিত এ প্রকল্পের মাধ্যমে সার্বজনীন প্রাথমিক শিক্ষা এবং সহশ্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা- ২ (Millennium Development Goal-2) অর্জন ত্বরান্বিত হচ্ছে। বর্তমানে প্রকল্পভূক্ত শিক্ষার্থীর সংখ্যা প্রায় ২৭ লক্ষ। প্রকল্পভূক্ত বিদ্যালয়সমূহে অধ্যয়নরত প্রত্যেক শিক্ষার্থীকে প্রতি স্কুল দিবসে উপস্থিতির ভিত্তিতে ৭৫ গ্রাম ওজন বিশিষ্ট এক প্যাকেট করে উচ্চ পুষ্টিমান সমৃদ্ধ বিস্কুট প্রদান করা হয়। প্রকল্পটি বাস্তবায়নের ফলে প্রকল্পভূক্ত বিদ্যালয়সমূহে শিক্ষার্থীদের উপস্থিতি বৃদ্ধি পেয়েছে, ঝরে পরার হার হ্রাস পেয়েছে, শিক্ষার্থীদের শারীরিক অবস্থার উন্নতির মাধ্যমে তাদের শিখন সক্ষমতা বৃদ্ধি পেয়েছে এবং সর্বোপরি প্রাথমিক শিক্ষার গুণগতমানে অনুকূল পরিবর্তন সাধিত হচ্ছে- যা বিভিন্ন ব্যক্তি/সংস্থার প্রতিবেদনে প্রতিফলিত হয়েছে।

২। প্রাথমিক শিক্ষার কল্যাণে গৃহীত এ প্রকল্প শতভাগ সফলভাবে বাস্তবায়নে অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীবৃন্দের ভূমিকা অনস্বীকার্য। ইতোমধ্যে প্রকল্প বাস্তবায়নে বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তাবৃন্দের ভূমিকা প্রশংসিত হয়েছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর প্রকল্প সংশ্লিষ্ট সকল কার্যক্রম সফল এবং দক্ষভাবে পরিচালনায় বদ্ধপরিকর। অতি সীমিত আকারে হলেও অধিদপ্তরের গোচরীভূত হয়েছে যে, কোন কোন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দের নিষ্ঠা ও আন্তরিকতার অভাবে প্রকল্পের বিস্কুট শিক্ষার্থী ছাড়াও অন্য ভাবে ব্যবহার করা হয়- যা কোনভাবেই কাম্য নয়।

৩। অধিকতর দারিদ্র পীড়িত উপজেলাসমূহের শিক্ষার্থীদের জন্য প্রস্তুতকৃত পুষ্টিমান সমৃদ্ধ বিস্কুট যাতে করে কোন ভাবেই অপচয় না হয় অর্থাৎ প্রকল্পভূক্ত বিদ্যালয়ের শুধুমাত্র শিক্ষার্থীবৃন্দ নিয়মানুযায়ী বিস্কুট পায় - সে বিষয়টি নিশ্চিতকরণসহ সার্বিকভাবে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।


১১.১১.২০১৪
মোঃ আলমগীর
মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

বিতরণ:

১. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা,..... বিভাগ
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,.....
৩. উপজেলা শিক্ষা অফিসার,.....

অনুলিপি:

১. জনাব মোঃ রেজাউল করিম, প্রধান, পিপিআইএস, বিশ্ব খাদ্য কর্মসূচী, ঢাকা।
২. নিবাহী পরিচালক/প্রধান, প্রোগ্রাম সমন্বয়ক/কান্টি ডিরেক্টর,.....